



রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভেদভেদী, রাজশাহী-৪৫০০

লিয়াজো অফিসঃ ৩০/১, লেক সার্কাস (নিচ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

ফোন: রাজশাহী অফিস-০৩৫১-৬৩৮৯৩, মোবাইল : ০১৭০৪-৩৮৩৬৪২, ওয়েব: www.rmstu.edu.bd

স্মারক নং-রাবিপ্রবি/জনঃবিঃ/প্রেস বিজ্ঞপ্তি/২০১৭/...২৪

তারিখ: ০২/১১/২০১৭ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান আগামী ০৩ নভেম্বর ২০১৭খ্রি তারিখ রোজ শুক্রবার ০৩ (তিন) দিনের সফরে রাজশাহীতে আগমন করবেন। রাজশাহী সফরের প্রথম দিন (০৩ নভেম্বর ২০১৭খ্রি) বিকাল ০৩:০০ টায় “রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” (রাবিপ্রবি) এর উপাচার্য প্রফেসর ড. প্রদানেন্দু বিকাশ চাকমা মহোদয়সহ রাজশাহী’র বুড়িঘাটে অবস্থিত বীরশ্রেষ্ঠ মুঙ্গী আবদুর রউফ এর সমাধি পরিদর্শন ও পুষ্পস্তবক অর্পণ করবেন। পরদিন সকাল ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে রাজশাহী জেলা প্রশাসন কর্তৃক রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভূমি হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এবং ভূমি হস্তান্তর অনুষ্ঠানের পর তিনি বাগড়াবিল মৌজার অর্ন্তগত নির্ধারিত স্থান সরেজমিনে পরিদর্শন করবেন। সন্ধ্যা ৭টায় রাজশাহী পর্যটন হলিডে কমপ্লেক্সে রাবিপ্রবি কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে মাননীয় চেয়ারম্যান মহোদয় যোগদান করবেন এবং উক্ত অনুষ্ঠানে রাজশাহী’র গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎ করবেন। পরবর্তী দিন (০৫ নভেম্বর ২০১৭খ্রি) চট্টগ্রামের উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।



তথ্য কর্মকর্তা

জনসংযোগ বিভাগ

রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়